



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫০.১৮/১৬২১

তারিখ: ১৫/০৫/১৪২৮ বঙ্গাব্দ:
০২/০৫/২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : সাতক্ষীরা জেলার সদর উপজেলার ঝাউডাঙ্গা কলেজ এর প্রভাষক জনাব শুব্র কান্তি রায় (ইংরেজি) এর ২০০৬ সালের সেপ্টেম্বর হতে ২০০৭ সালের জুন পর্যন্ত (১০ মাস) বকেয়া বেতন ভাতা পাওয়ার জন্য আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলার ঝাউডাঙ্গা কলেজ এর প্রভাষক জনাব শুব্র কান্তি রায় (ইংরেজি)। তিনি ২০০৬ সালের সেপ্টেম্বর হতে ২০০৭ সালের জুন পর্যন্ত (১০ মাস) বকেয়া বেতন ভাতা পাওয়ার জন্য আবেদন করেছেন। তার ইনডেক্স নং-৩০৭৪২৫৬। জনাব শুব্র কান্তি রায় পূর্বে সোনার বাংলা কলেজ সাতক্ষীরাতে গত ২৫/০১/২০০৫ তারিখ থেকে ৩১/৮/২০০৬ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। সোনার বাংলা কলেজ থেকে পদত্যাগ করে ০২/০৯/২০০৬ তারিখে ঝাউডাঙ্গা কলেজে যোগদান করেন এবং ২০০৮ সালের মার্চ মাসে এমপিও ভুক্তি হয়। ২০০৬ সালের সেপ্টেম্বর হতে ২০০৭ সালের জুন পর্যন্ত (১০ মাস) বকেয়া বেতন ভাতা প্রদান করা হয়নি বিধায় তিনি মহামান্য আদালতে মামলা দায়ের করেন। যার নং-৪৭৬-২০১০ তারিখ ১৮/০৭/২০১৩ ইং। শুব্র কান্তি রায় তার ১০ মাসের বকেয়া বেতন ভাতা ৬৭,৫৬৯.১০ (সাতষট্টি হাজার পাঁচশত উনসত্তর টাকা) প্রদানের জন্য আদালত নির্দেশ প্রদান করেন। উক্ত রিট পিটিশনের আদেশ বলে তিনি ১০ মাসের বকেয়া বেতন ভাতা দাবি করেন। সাতক্ষীরা জেলার সদর উপজেলার ঝাউডাঙ্গা কলেজ এর প্রভাষক জনাব শুব্র কান্তি রায় (ইংরেজি) তার ১০ মাসের বকেয়া বেতন ভাতা ৬৭,৫৬৯.১০ (সাতষট্টি হাজার পাঁচশত উনসত্তর টাকা) প্রদানের জন্য মহামান্য আদালত নির্দেশ করেন। মামলার রিট পিটিশন নং-৪৭৬-২০১০ তারিখ ১৮/০৭/২০১৩ ইং এ বিষয়ের মতামতের জন্য নথিটি অত্র দপ্তরের আইন শাখায় প্রেরণ করা হয়।

আইন শাখার মতামত: প্রভাষক (ইংরেজি) জনাব শুব্র কান্তি রায় (ইনডেক্স-৩০৭৪২৫৬) বিগত ০২/০৯/২০০৬ তারিখে ঝাউডাঙ্গা কলেজ, সাতক্ষীরায় যোগদান করেন। নথি পর্যালোচনায় দেখা যায় যে, মহিলা কোটা পূরণ নেই। একারণে দেখিয়ে প্রথমে তার এমপিওভুক্তির বিষয়টি আপত্তি দেয়া হলেও পরবর্তীতে ০১/০৬/২০০৭ তারিখ থেকে তাকে এমপিওভুক্ত করা হয়। কিন্তু যোগদানের তারিখ থেকে এমপিওভুক্ত করা হয়নি। জনবল কাঠামোর ৯৫ এর ধারা মোতাবেক জনাব শুব্র কান্তি রায় যোগদানের তারিখ থেকেই এমপিওভুক্ত হওয়ার অধিকারী ছিলেন। যোগদানের তারিখ থেকে অর্থাৎ ১০(দশ) মাস পর এমপিওভুক্ত করায় এই ১০ মাসের বকেয়া বেতন ভাতার দাবী করে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৪৭৬/২০১০ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে বিগত ১২/১০/২০১২ Rule absolute করে রায় প্রদান করেন। রায়ে মহামান্য হাইকোর্ট বিভাগে সেপ্টেম্বর ২০০৬ থেকে জুন ২০০৭ পর্যন্ত বকেয়া বেতন ভাতা মোট ৬৭,৫৬৯/-টাকা প্রদান করার জন্য রায় প্রদান হয়। উক্ত রায়ের বিরুদ্ধে আপিল হয়নি। আইন উপদেষ্টার মৌখিক আলোচনার প্রেক্ষিতে রিট পিটিশন নং ৪৭৬/২০১০ এর রায়ের বিরুদ্ধে আপীল দায়ের ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ সলিসিটর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। আপীল নিষ্পত্তির পর এ বিষয়ে মতামত প্রদান করা হবে।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

অধ্যক্ষ
ঝাউডাঙ্গা কলেজ
সাতক্ষীরা।

স্বাক্ষরিত ১৫.৭.২১
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭